

83626 - যার বন্ধু তার পদবীর নাম পরিবর্তন করে দিয়েছে; এই পরিবর্তনের মাধ্যমে প্রাপ্য বর্ধিত বেতন কি তিনি গ্রহণ করবেন?

প্রশ্ন

আমি এক অফিসে কম্পিউটার ইঞ্জিনিয়ার হিসেবে চাকুরী করি এবং ইঞ্জিনিয়ার হিসেবে বেতন পাই। কিছুদিন পরে আমি আরও বেশি বেতন পেলাম। সেটি আমার অজান্তে অর্থ বিভাগে কর্মরত আমার বন্ধুর মাধ্যমে। সে আমার পদবী ইঞ্জিনিয়ার থেকে টেকনেশিয়ানে পরিবর্তন করে দেয়। এতে করে আমার বেতন বেড়ে যায়। যখন আমি তাকে জিজ্ঞেস করলাম সে বলল: এই বর্ধিত বেতন তোমার প্রাপ্য। যেহেতু তুমি টেকনেশিয়ান ও ইঞ্জিনিয়ারের কাজ কর। প্রকৃতপক্ষে: এই কথা ঠিক। যেহেতু আমি প্রয়োজন হলে আমি টেকনেশিয়ানের কাজও করি এবং ইঞ্জিনিয়ারের কাজও করি। যেহেতু অফিসে আমাদের কোন টেকনেশিয়ান নেই। প্রশ্ন হলো এই বর্ধিত বেতন কি আমার প্রাপ্য অধিকার? এটি গ্রহণ করা কি আমার জন্য জায়েয হবে? নাকি হারাম ও নাজায়েয হবে?

প্রিয় উত্তর

এই বর্ধিত বেতন গ্রহণ করতে আপনার জন্য বাধা থাকবে না ও সেটি আপনার জন্য হালাল হবে; যদি নিম্নোক্ত শর্তগুলো পূর্ণ হয়; সেগুলো হলো:

- ১। এই বর্ধিত বেতন আপনার প্রাপ্য অধিকার হওয়া এবং কার্যতঃ আপনি এই বর্ধিত বেতন পাওয়ার উপযুক্ত কাজ করা।
- ২। আপনি যেখানে চাকুরী করেন সেটার কর্তৃপক্ষ এই বর্ধিত বেতন গ্রহণ করার জন্য আপনাকে অনুমতি দেয়া ও আপত্তি না করা।
- ৩। আপনার বন্ধুর আপনার চাকুরীর পদবীর নাম পরিবর্তন করার অধিকার থাকা। এক্ষেত্রে কোন মিথ্যাচার, প্রতারণা বা ছলনা না ঘটা।

যদি এই শর্তগুলো পরিপূর্ণ হয় তাহলে এটি আপনার জন্য হালাল। আর যদি এর কোন শর্ত পূর্ণ না হয় তাহলে এই বেতন গ্রহণ করা আপনার জন্য জায়েয হবে না। আপনার উচিত হবে আপনার বন্ধুকে আল্লাহকে ভয় করার ও তার উপর অর্পিত দায়িত্বে আমানতদার হওয়ার উপদেশ দেয়া এবং ।

আল্লাহই সর্বজ্ঞ।